



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়  
লক্ষ্মীপুর  
(জে.এম শাখা)  
www.lakshmipur.gov.bd



## বিজ্ঞপ্তি

এতদ্বারা লক্ষ্মীপুর জেলার বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩-০৮-২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ নং স্মারকের আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ এর ৩০ ও ৩১ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক লক্ষ্মীপুর জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয় হতে ইস্যুকৃত বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ ২০২২ খ্রিষ্টাব্দের জন্য নিম্নে বর্ণিত তারিখ ও সময়ে অত্র কার্যালয়ের জে এম শাখায় নবায়ন করা হবে। উক্ত নবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য জে এম শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করা হলো।

### আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময় সূচি

অধিকারকের নাম	নবায়নের তারিখ		সময়		কর্ম দিবস	মন্তব্য
	হতে	পর্যন্ত	হতে	পর্যন্ত		
১	২(ক)	২(খ)	৩(ক)	৩(খ)	৪	৫
লক্ষ্মীপুর সদর উপজেলা	০১-১২-২০২১ খ্রি.	০৭-১২-২০২১ খ্রি.	সকাল ৯.০০ টা	বিকাল ৫.০০ টা	৫ কর্ম দিবস	
রায়পুর উপজেলা	০৮-১২-২০২১ খ্রি.	১৩-১২-২০২১ খ্রি.	সকাল ৯.০০ টা	বিকাল ৫.০০ টা	৪ কর্ম দিবস	
রামগঞ্জ উপজেলা	১৪-১২-২০২১ খ্রি.	১৯-১২-২০২১ খ্রি.	সকাল ৯.০০ টা	বিকাল ৫.০০ টা	৩ কর্ম দিবস	
রামগতি উপজেলা	২০-১২-২০২১ খ্রি.	২২-১২-২০২১ খ্রি.	সকাল ৯.০০ টা	বিকাল ৫.০০ টা	৩ কর্ম দিবস	
কমলনগর উপজেলা	২৩-১২-২০২১ খ্রি.	২৬-১২-২০২১ খ্রি.	সকাল ৯.০০ টা	বিকাল ৫.০০ টা	২ কর্ম দিবস	
সকল উপজেলা	২৭-১২-২০২১ খ্রি.	৩০-১২-২০২১ খ্রি.	সকাল ৯.০০ টা	বিকাল ৫.০০ টা	৪ কর্ম দিবস	

### আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন ফি

লাইসেন্সধারীর পরিচিতি	লাইসেন্সের ধরন	নবায়ন ফি এবং ভ্যাট ১৫%	জমার কোড নম্বর
ব্যক্তি	পিস্তল/রিভলবার	১০,০০০/- (দশ হাজার) টাকা এবং ভ্যাট ১৫%	নবায়ন ফি ১ ২ ২ ১ ১ ০ ০ ০ ০ ১ ৮ ৫ ৯
	বন্দুক/শর্টগান/রাইফেল	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ভ্যাট ১৫%	
আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক	বন্দুক/শর্টগান/রাইফেল	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং ভ্যাট ১৫%	ভ্যাট ১ ১ ১ ৩ ৩ ০ ০ ৪ ০ ০ ৩ ১ ১

(ক) নবায়ন কালে সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র প্রদর্শন করতে হবে।

(খ) আগ্নেয়াস্ত্র থানা/সেফ কিপিং লাইসেন্সধারী প্রতিষ্ঠানে জমা থাকলে জমাদান সম্পর্কিত হালনাগাদ তথ্য (রেসিডসহ) উপস্থাপন করতে হবে।

(গ) লাইসেন্সধারীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের ছায়াছবি প্রদর্শন করতে হবে।

(ঘ) লাইসেন্সধারী মুক্তিযোদ্ধা হলে মুক্তিযোদ্ধা সার্টিফিকেট ও গেজেটের ছায়াছবি প্রদর্শন করতে হবে।

(ঙ) লাইসেন্সধারী ছাড়া অন্য কোনো ব্যক্তির মাধ্যমে উপস্থাপিত লাইসেন্স নবায়ন করা হবে না।

(চ) এস জেড এন্টার প্রাইজ কর্তৃক ডিজিটাল আমস লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (ডিএমএস) বাস্তবায়নের নিমিত্ত ছক মোতাবেক যারা তথ্য প্রেরণ/জমা দেননি সে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণ আগামী ৩০-১১-২১ তারিখের মধ্যে ছক মোতাবেক তথ্য জমা না দিলে তাঁদের নামীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্স ২০২২ সালের জন্য নবায়ন করা হবে না।

(ছ) নির্ধারিত সময়ের মধ্যে বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করতে হবে।

১৩/১১/২০২১

(মোঃ আনোয়ার হোছাইন আকন্দ)

জেলা ম্যাজিস্ট্রেট

লক্ষ্মীপুর

ফোনঃ ০৮৩১-৬২৪১০

dclakshmipur.mopa.gov.bd


স্মারক নং- ০৫.৪২.৫১০০.০১৪.৫৫.০০২.২০. ১২১১ (৪০)

তারিখঃ

৩০ কার্তিক ১৪২৮  
১৬ নভেম্বর ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,.....।
৪. পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর।
৬. উপজেলা নির্বাহী অফিসার, সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
৭. সহকারী কমিশনার, জে এম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।
৮. এ. জি. এম./আর. এম/ম্যানেজার, ....., লক্ষ্মীপুর।
৯. অফিসার-ইন-চার্জ, লক্ষ্মীপুর সদর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর/চন্দ্রগঞ্জ থানা, লক্ষ্মীপুর।
১০. জেলা তথ্য অফিসার, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি জনস্বার্থে মাইকযোগে ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১. প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।
১২. সম্পাদক, দৈনিক ভিশন/আমাদের লক্ষ্মীপুর/লক্ষ্মীপুর সমাচার/রূপসী লক্ষ্মীপুর/ নতুন চাঁদ/ বর্তমান লক্ষ্মীপুর (জনস্বার্থে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৩. জনাব .....
১৪. অফিস কপি।

  
২৬/১১/২০২১

(মোঃ আনোয়ার হোসাইন আকন্দ)  
জেলা ম্যাজিস্ট্রেট  
লক্ষ্মীপুর